পল্লী উন্নয়নে সোনালী সোপান

সঞ্চয় করুন ভবিষ্যত গড়ুন

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
প্রোগ্রামিং শাখা

১৪ মার্চ/২০১৮ তারিখ অনুষ্ঠিত ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ হাসানুল ইসলাম এনডিসি<br>পরিচালক |
| সভার তারিখ | ১৪ মার্চ ২০১৮ |
| সভার সময় | বিকাল ৩.০০ ঘটিকা |
| স্থান | পরিচালক (প্রশাসন) মহোদয়ের অফিস কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’ দ্রষ্টব্য। |

অদ্যকার সভায় সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। আলোচ্য বিষয় অনুযায়ী সভার আলোচনা ও সুপারিশ গ্রহণ করা হয়।

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | বিআরডিবির ইনোভেশন টিমের ২০১৭-২০১৮ সনের বার্ষিক কর্মপরিকল্পনার অগ্রগতি | ২০১৭-২০১৮ সনের বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন হওয়ার বিষয়ে সভায় জানানো হয়। এ পর্যন্ত কার্যক্রম অগ্রগতির হার ৪০%। কার্যক্রম বাস্তবায়নের সমস্যাসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ইনোভেশন কমিটি কর্তৃক গৃহিত বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে আরও তৎপর হয়ে কার্যক্রম বাস্তবায়ন করবেন। | ইনোভেশন কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | মাঠ পর্যায়ের কর্মকর্তাদের গৃহিত ইনোভেশন আইডিয়া বাস্তবায়ন বিষয়ে আলোচনা ও সুপারিশ গ্রহণ | ■ ২০১৭ সালে মাঠ পর্যায়ে মহাপরিচালক মহোদয় কর্তৃক অনুমোদিত ০৮টি ইনোভেশন আইডিয়া নিয়ে কার্যক্রম চলমান রয়েছে।<br>■ সদরদপ্তর ও মাঠ পর্যায়ে কর্মকর্তাদের নিয়ে গঠিত Mentor (মেন্টর)দের অধিকাংশ Mentor (মেন্টর) এবং Mentee (মেন্টি)র বদলিজনিত কারণে ইনোভেশন কার্যক্রম ব্যহত হচ্ছে।<br>■ ইনোভেশন কামিটির কার্যক্রমের গতিশীলতা আনয়নের লক্ষ্যে পুনরায় Mentor (মেন্টর) ও Mentee (মেন্টি) নির্বাচন করার বিষয়ে আলোচনা হয়।<br>■ উপপরিচালক (প্রোগ্রামিং) কর্তৃক জানানো হয় যে, ইতোমধ্যে ৩টি ইনোভেশন আইডিয়া পাইলটিং সফলভাবে শেষ হয়েছে। একটি অফিস আদেশের মাধ্যমে এ আইডিয়াগুলোর Replication এ যাওয়া যেতে পারে। | ■ ইনোভেশন কমিটির মাধ্যমে সদর দপ্তর ও জেলা দপ্তর থেকে Mentor (মেন্টর) এবং সহকারী পরিচালক ও উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাদের মধ্যে থেকে Mentee (মেন্টি) নির্বাচন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>■ যে তিনজনের ইনোভেশন আইডিয়া নিয়ে আলোচনা হয়েছে তাদের ইনোভেশন সম্পর্কে বিস্তারিত জানার লক্ষ্যে পরবর্তী সভায় তাদের উপস্থিত রাখার বিষয়ে সিদ্ধান্ত হয়।<br>■ ইনোভেশন কমিটির জানামতে ভালো কোন আইডিয়া কোন কর্মকর্তা দ্বারা বাস্তবায়িত হলে তা পরবর্তী সভায় উপস্থাপন করবেন মর্মে সিদ্ধান্ত হয়। | ইনোভেশন কমিটি |
| ০৩ | বিআরডিবির ই-ইনোভেশান রোডম্যাপ বাস্তবায়ন পরিকল্পনার অগ্রগতি ও সুপারিশ গ্রহণ | ই-ইনোভেশন রোডম্যাপ অনুযায়ী ৫টি সিস্টেম প্রস্তুত করা হয়েছে। তন্মধ্যে e-Beneficiaries Management System বাস্তবায়নের লক্ষ্যে EOI বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। কিন্তু চাহিদা মাফিক প্রতিষ্ঠান পাওয়া যায়নি। কারিগরি সাব কমিটি ও মূল্যায়ন কমিটির সিদ্ধান্ত মোতাবেক পুনরায় EOI বিজ্ঞপ্তি প্রকাশের সিদ্ধান্ত গৃহিত হয়। | ৫টি সিস্টেমের মধ্যে e-Beneficiaries Management System এর জন্য পুনরায় জরুরীভিত্তিতে EOI বিজ্ঞপ্তি প্রকাশের সিদ্ধান্ত গৃহিত হয়। এ বিষয়ে মহাপরিচালক মহোদয় কর্তৃক নির্দেশনা চেয়ে সচিব মহোদয়ের বরাবরে পত্র প্রেরিত হয়েছে। | উপপরিচালক (প্রোগ্রামিং) |
| ০৪ | ই-ফাইলিং বাস্তবায়ন বিষয়ে আলোচনা | সদরদপ্তরের সকল কার্যক্রম ই-ফাইলের মাধ্যমে করা হচ্ছে। তবে সদরদপ্তরে অধিকাংশ কর্মকর্তার বদলীর কারণে নতুন যোগদানকৃত কর্মকর্তাদের ই-ফাইলিং বিষয়ক কার্যক্রমে বিভিন্ন ধরনের সমস্যা হচ্ছে। এমতাবস্থায় সদর দপ্তরে কর্মকর্তা/কর্মচারীদের ই-ফাইলিং বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করা প্রয়োজন। | ■ ই-ফাইলিং সূচারুরূপে বাস্তবায়নের জন্য শীঘ্রই সদর দপ্তরের কর্মকর্তা/ কর্মচারীদের ই-ফাইলিং বিষয়ক রিফ্রেসার্স কোর্স আয়োজনের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>■ ই ফাইলিং সংক্রান্ত যে কোন সমস্যা সমাধানে প্রোগ্রামিং শাখার সাথে যোগাযোগ করতে হবে। | ইনোভেশন কমিটি ও সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/ কর্মচারী |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | সেবা সহজীকরণ বাস্তবায়ন বিষয়ে অগ্রগতি আলোচনা ও সুপারিশ প্রদান | ■ SPS এর আওতায় ইতোপূর্বে গৃহীত ২টি সেবার নাম-<br>ক) ঋণ বিতরণ সহজীকরণ<br>খ) অভিন্ন ঋণ নীতিমালা প্রণয়ন<br>এ দুইটি সেবা সহজীকরণ কার্যক্রমে ডিসেম্বর/২০১৬ এর পরে কোন অগ্রগতি নেই। এ সেবাগুলো সহজীকরণে যে কমিটি গঠিত হয়েছিল তার সদস্য সচিব হিসেবে উপপরিচালক (ঋণ) কাজ করেছেন। বদলীজনিত কারণে তিনি নথিটি প্রোগ্রামিং শাখায় হস্তান্তর করেন। এটুআই ও মন্ত্রিপরিষদ বিভাগ থেকে SPS এর অগ্রগতি বিষয়ে প্রায়শঃই তাগাদা দেয়া হচ্ছে।<br>■ SPS এর আওতায় **'আভ্যন্তরীণ দায়দেনা সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ সহজীকরণ'** নামে পেনশন খাতের একটি সেবা সহজীকরণের বিষয়ে আলোচনা হয়। | ■ SPS এর কার্যক্রমে অগ্রগতি আনয়নে উল্লিখিত সেবাসমূহের নথিসমূহ বর্তমান উপপরিচালক (ঋণ) কে হস্তান্তর করা হবে এবং তিনি কমিটির প্রস্তাব করে পরবর্তী কার্যক্রম বাস্তবায়ন করবেন।<br>■ **'আভ্যন্তরীণ দায়দেনা সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ সহজীকরণ'** সেবাটি বাস্তবায়নের লক্ষ্যে শীঘ্রই উপপরিচালক (প্রশাসন), উপপরিচালক (প্রোগ্রামিং), উপপরিচালক (হিসাব), সহকারী পরিচালক (পেনশন), সহকারী পরিচালক (হিসাব/অর্থ)-এর সমন্বয়ে কমিটি গঠনপূর্বক সেবাটি ৭দিনের মধ্যে সহজীকরণের আওতায় এনে তা বাস্তবায়নের উদ্যোগ নিতে হবে। এ বিষয়ে মহাপরিচালক মহোদয় কর্তৃক একটি অফিস আদেশ এর মাধ্যমে সহজীকরণ বিষয়টি নিশ্চিত করতে হবে। | উপপরিচালক (হিসাব), উপপরিচালক (প্রোগ্রামিং), উপপরিচালক (প্রশাসন), ডিপিডি (ইরেসপো), সহকারী পরিচালক (পেনশন), সহকারী পরিচালক (হিসাব/অর্থ), সহকারী পরিচালক (পদাবিক) |

বিবিধঃ

ক) ইনোভেশন ও নাগরিক সেবায় উদ্ভাবনী উদ্যোগ খাতে বর্তমানে বরাদ্দ বাজেট দ্রুত ব্যয়ের বিষয়ে আলোচনা হয়। তাছাড়া উপপরিচালক (প্রোগ্রামিং) কর্তৃক বিআরডিবি'র রাজস্ব বাজেটে ইনোভেশন ও নাগরিক সেবায় উদ্ভাবনী উদ্যোগ খাতে বাজেট বরাদ্দ বৃদ্ধির বিষয়ে অনুরোধ জানানো হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ হাসানুল ইসলাম এনডিসি
পরিচালক

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৪১১.০৬.০৯৭.১৮.১৪

তারিখ: ৭ চৈত্র ১৪২৪
২১ মার্চ ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণার্থে:

১) পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ, বিআরডিবি, ঢাকা।

২) যুগ্মপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), সমবায়, ঋণ ও বাজারজাতকরণ অনুবিভাগ, বিআরডিবি, ঢাকা।

৩) উপপরিচালক, পরিকল্পনা শাখা, বিআরডিবি, ঢাকা।

৪) উপ প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।

৫) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, বিআরডিবি, ঢাকা।

৬) সহকারী পরিচালক, পদাবিক, বিআরডিবি, ঢাকা।

নাজনীন খানম
উপপরিচালক